**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২০ নভেম্বর ২০১৬, ৬ অগ্রহায়ণ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে জনগণকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর
২। সমুদ্রে সম্পদ অনুসন্ধানের জন্য জরিপ জাহাজ এমভি মিন সন্ধানী'র উদ্বোধন প্রধানমন্ত্রীর
৩। রোগীদের পরিবারের সদস্য মনে করে চিকিৎসা দিন : চিকিৎসকদের প্রতি প্রধানমন্ত্রী
৪। হাওর উন্নয়নে কাজ করছে সরকার : অর্থমন্ত্রী
৫। হেলথ প্রমোশন সম্মেলনে যোগ দিতে চীনের সাংহাইয়ের উদ্দেশে স্বাস্থ্যমন্ত্রীর ঢাকা ত্যাগ
৬। সোনারগাঁও এর ঐতিহাসিক পানামনগর হবে আধুনিক পর্যটন কেন্দ্র : সংস্কৃতিবিষয়ক মন্ত্রী
৭। প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু আজ
৮। আগামী বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে আয়কর সপ্তাহ : কর অফিসে মিলবে সব সেবা
৯। শিল্পীদের কল্যাণে ফাউন্ডেশনের উদ্বোধন করলেন ডিএনসিসি মেয়র আনিসুল হক
১০। এশিয়ান হকি ফেডারেশনের টুর্নামেন্টে বাংলাদেশের শুভ সূচনা
১১। কবি সুফিয়া কামালের মৃত্যুবার্ষিকী আজ

চলমান পাতা-২

১। **জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে জনগণকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে কঠোর অবস্থান ব্যক্ত করে জনগণকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ধর্মের নামে যা করা হচ্ছে তা শান্তির পথ নয়। বাংলাদেশ হবে দক্ষিণ এশিয়ার একটি শান্তিপূর্ণ দেশ। সন্ত্রাসীদের বাংলাদেশের মাটি ব্যবহার করতে দেওয়া হবে না। গতকাল **১৯** নভেম্বর শনিবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবন থেকে চট্টগ্রাম বিভাগের এগারোটি জেলার নাগরিকের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। একই সঙ্গে প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে যোগ দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ, সংবাদ, অবজারভার** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **সমুদ্রে সম্পদ অনুসন্ধানের জন্য জরিপ জাহাজ এমভি মিন সন্ধানী'র উদ্বোধন প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সমুদ্রে সম্পদ অনুসন্ধানের জন্য জরিপ জাহাজ এমভি মিন সন্ধানী'র উদ্বোধন করেন। চট্টগ্রাম থেকে ভিডিও কনফারেন্সে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী ছায়েদুল হক প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেন। এ সময় প্রধানমন্ত্রী দেশের এক কোটি ৮২ লাখ মৎস্য আহরণকারীর কথা উল্লেখ করে বলেন, এমভি মিন সন্ধানীর প্রয়োজনীয়তা ছিল। চলতি বছরের ৯ জুন জাহাজটি মালয়েশিয়া থেকে বাংলাদেশে এসেছে। আগামী মাস থেকে জাহাজটি বঙ্গোপসাগরে মৎস্য ও সমুদ্র সম্পদ অনুসন্ধানে কাজ শুরু করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৩। **রোগীদের পরিবারের সদস্য মনে করে চিকিৎসা দিন : চিকিৎসকদের প্রতি প্রধানমন্ত্রী**

রোগীকে নিজের পরিবারের সদস্য মনে করে যত্নের সঙ্গে চিকিৎসাসেবা দিতে চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, চিকিৎসা শুধু একটি পেশা নয়, এটি মহান ব্রত। তাই আপনাদের মধ্যে সেবাদানের মনোভাব তৈরি করতে হবে। একই সঙ্গে দেশের চিকিৎসাসেবার ওপর আস্থা বাড়াতে হবে। গতকাল ১৯ নভেম্বর শনিবার হোটেল র‍্যাডিসন ব্লুতে অ্যাসোসিয়েশন অব থোরাসিক অ্যান্ড কার্ডিওভাসকুলার সার্জনস অব এশিয়ার ২৬তম বার্ষিক সম্মেলন উদ্বোধনের সময় প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। প্রধানমন্ত্রী চিকিৎসকদের চিকিৎসাসেবায় আন্তরিকভাবে মনোনিবেশের পাশাপাশি গবেষণা কাজও সুষ্ঠুভাবে চালিয়ে যাওয়ার আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৪। **হাওর উন্নয়নে কাজ করছে সরকার : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, সরকার হাওরাঞ্চলের উন্নয়নে নানা উদ্যোগ নিয়েছে। এসব উন্নয়ন পরিকল্পনার মধ্যে সমন্বয় করতে হবে। গতকাল **১৯** নভেম্বর শনিবার জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স লাউঞ্জে হাওর তথ্য সংগ্রহশালা আয়োজিত 'বৈচিত্র্যময় হাওর' প্রকাশনার মোড়ক উন্মোচন ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

৫। **হেলথ প্রমোশন সম্মেলনে যোগ দিতে চীনের সাংহাইয়ের উদ্দেশে স্বাস্থ্যমন্ত্রীর ঢাকা ত্যাগ**

চীনের সাংহাইয়ে অনুষ্ঠেয় হেলথ প্রমোশন বিষয়ক নবম বৈশ্বিক সম্মেলনে যোগ দিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম গতকাল **১৯** নভেম্বর শনিবার রাতে সিঙ্গাপুর এয়ারলাইন্সযোগে ঢাকা ত্যাগ করেছেন। চার দিনব্যাপী এই সম্মেলন শুরু হবে আজ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার আয়োজনে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বিশ্বের জনগণের স্বাস্থ্য ও জীবনমান উন্নয়নে বিশ্ব নেতৃবৃন্দের করণীয় বিষয়ে সম্মেলনে আলোচনা করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

৬। **সোনারগাঁও এর ঐতিহাসিক পানামনগর হবে আধুনিক পর্যটন কেন্দ্র : সংস্কৃতিবিষয়ক মন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, সোনারগাঁও এর ঐতিহাসিক পানামনগরকে আধুনিক পর্যটনকেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে। এতে অন্যান্য দর্শনীয় পর্যটনকেন্দ্রের মতোই দর্শনার্থী বাড়বে। গতকাল ১৯ নভেম্বর শনিবার পানামনগরের উন্নয়ন, রূপরেখা তৈরির মাধ্যমে সংস্কার কাজের মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৪), **যুগান্তর** (পৃ.১৬,ক.১)।

৭। **প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু আজ**

বত্রিশ লাখ শিক্ষার্থীর অংশগ্রহণের মধ্য দিয়ে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে আজ ২০ নভেম্বর রোববার। সকাল ১১টা থেকে দেড়টা পর্যন্ত প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনীতে ইংরেজি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার প্রাথমিক সমাপনীতে ২৯ লাখ ৩০ হাজার ৫৭৩ জন এবং ইবতেদায়ি সমাপনীতে দুই লাখ ৯৯ হাজার ৭১৫ জনসহ মোট ৩২ লাখ ৩০ হাজার ২৮৮ জন পরীক্ষার্থী অংশ নেবে। দেশের বাইরে ১১টিসহ সারাদেশে সাত হাজার ১৯৪টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা শেষ হবে আগামী ২৭ নভেম্বর। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

৮। **আগামী বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে আয়কর সপ্তাহ : কর অফিসে মিলবে সব সেবা**

আগামী ২৪ নভেম্বর বৃহস্পতিবার থেকে ৩০ নভেম্বর পর্যন্ত দেশব্যাপী আয়কর সপ্তাহ পালন করা হবে। করদাতাদের আয়কর বিষয়ে প্রয়োজনীয় সেবা দিতে প্রথমবারের মতো আয়কর সপ্তাহ পালনের উদ্যোগ নিয়েছে সরকার। আগামী ৩০ নভেম্বর আয়কর রিটার্ন জমা দেওয়ার শেষ দিন। এরপর রিটার্ন জমা দিতে হলে করদাতাদের জরিমানা গুণতে হবে। এনবিআর সূত্র জানিয়েছে সারাদেশে ৩১টি কর অঞ্চলের আওতাধীন মাঠ পর্যায়ের ৬৪৯টি সার্কেল অফিসে আয়কর সপ্তাহ পালন করা হবে। কর মেলার মতো সব ধরনের কর সেবা পাবেন করদাতারা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.২,ক.৫**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.৬)।

৯। **শিল্পীদের কল্যাণে ফাউন্ডেশনের উদ্বোধন করলেন ডিএনসিসি মেয়র আনিসুল হক**

শিল্পীদের কল্যাণে 'শিল্পীর পাশে ফাউন্ডেশন' নামে একটি সেবাধর্মী প্রতিষ্ঠানের উদ্বোধন করলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। গতকাল ১৯ নভেম্বর শনিবার রাজধানীর ওয়েস্টিন হোটেলে এক অনুষ্ঠানের মাধ্যমে তিনি এই সংগঠনের আনুষ্ঠানিক ঘোষণা দেন। এই অনুষ্ঠানে বিশেষ অবদানের জন্য তিন জন শিল্পীর মাঝে মোট ৭০ লাখ টাকার চেক তুলে দেওয়া হয়। এছাড়া ভবিষ্যতে অসহায় শিল্পীদের এ ফাউন্ডেশনের মাধ্যমে সহায়তা প্রদান করা হবে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৩)।

১০। **এশিয়ান হকি ফেডারেশনের টুর্নামেন্টে বাংলাদেশের শুভ সূচনা**

এশিয়ান হকি ফেডারেশনের (এএইচএফ) টুর্নামেন্টে বাংলাদেশ শুভ সূচনা করেছে। গতকাল ১৯ নভেম্বর শনিবার হংকংয়ে অনুষ্ঠিত এএইচএফ কাপ হকি টুর্নামেন্টে বাংলাদেশ ৪-২ গোলে হারিয়েছে স্বাগতিক হংকংকে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যায়যায়দিন** (পৃ.১৪,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৬,ক.১), **ডেইলি সান** (পৃ.৮,ক.১)।

১১। **কবি সুফিয়া কামালের মৃত্যুবার্ষিকী আজ**

বাঙালি নারী জাগরণের অন্যতম পথিকৃৎ কবি সুফিয়া কামালের ১৭তম মৃত্যুবার্ষিকী আজ। ১৯৯৯ সালের ২০ নভেম্বর ৮৮ বছর বয়সে তিনি মারা যান। মৃত্যুবার্ষিকী উপলক্ষে সামাজিক প্রতিরোধ কমিটির উদ্যোগে বাংলাদেশ মহিলা পরিষদ আজ বিকেল ৩টায় স্মরণসভার আয়োজন করেছে। এ ছাড়া বিভিন্ন সংগঠন নানা আয়োজনের মধ্য দিয়ে স্মরণ করবে গুণী কবিকে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১) ।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** অ্যান্টিবায়োটিকের অপব্যবহারে বাংলাদেশে মানুষের মৃত্যুঝুঁকি বেড়ে যাওয়ায় অ্যান্টিবায়োটিকের সম্পূর্ণ কোর্স বিক্রয়ের গাইডলাইন এবং ব্যবস্থাপত্র ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রির ওপর যথাযথ পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

খ. **যুগান্তর, সংবাদ, নিউ এজ,** : নির্বাচন কমিশন গঠনে বিএনপির প্রস্তাব মুক্তিযুদ্ধ ও গণতন্ত্রবিরোধী হওয়ায় গ্রহণযোগ্য নয় বলে অভিমত।

গ. **জনকণ্ঠ** : বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য বিদ্যুৎ বিভাগের প্রস্তাবিত তিনটি মডেল যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা ।

ঘ. **প্রথম আলো : ১৮**টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সনদ গ্রহণযোগ্য নয় বলে ইউজিসি'র জারি করা বিজ্ঞপ্তির বিষয় তুলে ধরে শিক্ষার্থীদের নয়, কর্তৃপক্ষকে শাস্তি দেওয়ার সুপারিশ।

ঙ. **সমকাল** : ৫০ শয্যার বরগুণার আমতলী স্বাস্থ্য কমপ্লেক্সে মাত্র একজন চিকিৎসক থাকার বিষয় তুলে ধরে অবিলম্বে পর্যাপ্তসংখ্যক চিকিৎসক পদায়নের ওপর গুরুত্বারোপ।

চ. **যুগান্তর :** দরপত্র ছাড়া বিদ্যুৎ কেনায় জনগণের করের ২৪ হাজার কোটি টাকা গচ্চা দেওয়ায় সরকারি ক্রয়ে স্বচ্ছতা-জবাবদিহিতা নিশ্চিত করতে প্রতিটি ক্রয়-বিক্রয়ের আগে দরপত্র আহ্বানের বিষয়টির ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার** : গণতন্ত্রকে সমুন্নত রাখতে এবং সুশাসন নিশ্চিত করতে স্বাধীন, অবাধ, সুষ্ঠু ও স্বচ্ছ নির্বাচন অনুষ্ঠানের গুরুত্ব বিবেচনা করে একটি স্বাধীন নির্বাচন কমিশন পাওয়ার প্রত্যাশা।

জ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান** : মারাকেশে সদ্য অনুষ্ঠিত বিশ্ব জলবায়ু সম্মেলনে বৈশ্বিক উষ্ণতা ২ ডিগ্রী সেলসিয়াসের নিচে রাখার সংকল্প আবার ব্যক্ত হওয়ায় যেসব দেশ জলবায়ু পরিবর্তনের ভয়াবহতার শিকার সেসব এলডিসিভুক্ত দেশগুলোকে এ ব্যাপারে সচেতন হওয়ার আহ্বান।

ঝ. **নিউ নেশন** : ভাগ্যের অন্বেষণে অবৈধভাবে বিদেশ পাড়ি দিয়ে বিদেশের জেলে আটক অসংখ্য বাংলাদেশি মানবেতর জীবনযাপন করছেন উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট দেশের দূতাবাসগুলোর হস্তক্ষেপ ও আইনী সহায়তার কামনা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে জাতীয় ভূমি নীতিমালার খসড়াতে উপজাতিদের আদিবাসী ঘোষণা করে তাদের ভূমি বিরোধ প্রচলিত রীতি ও প্রথা অনুযায়ী নিষ্পত্তির ব্যবস্থা করা হলে তা ভয়াবহ ও সুদূরপ্রসারী বিপর্যয় ডেকে আনবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সামাজিক বনায়ন কর্মসূচিতে নারীর দারিদ্র্য জয়'** শিরোনামের নিবন্ধে ইলিয়াছ হোসেন পাভেল বনায়ন গ্রামীণ জনপদে আর্থসামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের পাশাপাশি পরিবেশের ভারসাম্য রক্ষাসহ জীববৈচিত্র্য সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা